গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১১৫/২০১৮-১৯
ঢাকা, মঙ্গলবার ১১ ডিসেম্বর ২০১৮, ২৭ অগ্রহায়ণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। নির্বাচনে আস্থার পরিবেশ চায় কমিশন :
জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটদের নির্বাচনি নির্দেশনামূলক ব্রিফিংয়ে সিইসি

২। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থীদের প্রতীক বরাদ্দ দিয়েছে নির্বাচন কমিশন

৩। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে দলীয় প্রার্থী ১৭৪৫, স্বতন্ত্র ৯৬

৪। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতীক পেয়ে নির্বাচনি লড়াইয়ে প্রার্থীরা

৫। নির্বাচন অংশগ্রহণমূলক ও স্বচ্ছ করার আহ্বান ইউরোপীয় দেশগুলোর

৬। ইসির সঙ্গে বৈঠক করে নিজেদের সক্ষমতার কথা জানিয়েছে র‍্যাব

৭। আগামী সপ্তাহ থেকে সেনাবাহিনী নামছে

৮। 'সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ' স্লোগানে চূড়ান্ত আওয়ামী লীগের ইশতেহার

৯। বেগম খালেদা জিয়ার রিটের আদেশ আজ

১০। নতুন আইনে থাকবে ভ্যাটের ৩টি হার
সর্বোচ্চ ভ্যাটদাতাদের সম্মাননা অনুষ্ঠানে অর্থমন্ত্রী

১১। গত দশ বছরে দেশ অন্ধকার থেকে আলোর পথে : স্বাস্থ্যমন্ত্রী

১২। বাংলাদেশের প্রাথমিক শিক্ষার উন্নয়নে ৩৬ কোটি টাকা দেবে জাপান

১৩। আন্তর্জাতিক জুনিয়র সায়েন্স অলিম্পিয়াডে
বাংলাদেশি শিক্ষার্থীরা পেল দুই রৌপ্য ও চার ব্রোঞ্জ

চলমান পাতা-২

১। **নির্বাচনে আস্থার পরিবেশ চায় কমিশন :**
**জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটদের নির্বাচনি নির্দেশনামূলক ব্রিফিংয়ে সিইসি**

দল, পক্ষ, ব্যক্তির উর্ধ্বে উঠে নির্বাচনি দায়িত্ব পালনে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটদের নির্দেশ দিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। তিনি বলেন, বৈষম্যের উর্ধ্বে থেকে রাগ অনুরাগ প্রশ্রয় না দিয়ে আইনের সুষ্ঠু প্রয়োগের মাধ্যমে প্রজ্ঞা ও মেধা খাটিয়ে নির্বাচনের পরিবেশ সুষ্ঠু রাখতে হবে। একেবারে নিরপেক্ষ একটা নির্বাচন করতে চাই, আমাদের কাছে কোনো দল কিংবা মত নেই। গতকাল (১০ ডিসেম্বর সোমবার) সকালে আগারগাঁওয়ের নির্বাচন ভবনে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটদের নির্বাচনি নির্দেশনামূলক ব্রিফিংয়ে এসব কথা বলেন প্রধান নির্বাচন কমিশনার। প্রথম ধাপে **২১৫** জন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ব্রিফিংয়ে অংশ নেন। তিন ধাপে মোট ৬৪০ জন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটকে দিকনির্দেশনা দেবে কমিশন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.২)।

২। **একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থীদের প্রতীক বরাদ্দ দিয়েছে নির্বাচন কমিশন**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেওয়া বিভিন্ন দলের প্রার্থীদের প্রতীক বরাদ্দ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। এ সময় দলীয় প্রতীক ছাড়াও স্বতন্ত্র প্রার্থীদের প্রতীক নির্ধারণ করে দেওয়া হয়েছে। গতকাল (১০ ডিসেম্বর সোমবার) রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ঢাকা জেলা ও মহানগরীর সংসদীয় আসনের প্রার্থীদের প্রতীক দেওয়া হয়েছে। ঢাকা-৪ ও ঢাকা-৫ আসনের প্রার্থীদের প্রতীক তুলে দেওয়ার মাধ্যমে এ কার্যক্রম শুরু হয়। পরে পর্যায়ক্রমে ঢাকা মহানগর ও জেলার সকল সংসদীয় আসনের প্রার্থীদের হাতে প্রতীক তুলে দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৩)।

৩। **একাদশ জাতীয় সংসদ নির্বাচনে দলীয় প্রার্থী ১৭৪৫, স্বতন্ত্র ৯৬**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের মাঠে লড়বে **১৮৪১** জন প্রার্থী। যার মধ্যে স্বতন্ত্র প্রার্থী রয়েছে ৯৬ জন। আর দলীয় প্রার্থী রয়েছে **১৭৪৫** জন। রিটার্নিং কর্মকর্তাদের পাঠানো তথ্য বিশ্লেষণ করে গতকাল (১০ ডিসেম্বর সোমবার) নির্বাচন কমিশনের নির্বাচন পরিচালনা শাখা এ তথ্য জানিয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **যুগান্তর** ( পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

৪। **একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতীক পেয়ে নির্বাচনি লড়াইয়ে প্রার্থীরা**

আওয়ামী লীগ ও ঐক্যফ্রন্ট সারাদেশে নির্বাচনি প্রচারণার সূচি চূড়ান্ত করেছে। আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বোন শেখ রেহানাকে সঙ্গে নিয়ে টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মাজার জিয়ারতের মাধ্যমে নির্বাচনি প্রচারণা শুরু করবেন। আগামীকাল (১২ ডিসেম্বর বুধবার) সকাল ৮টায় প্রধানমন্ত্রী গণভবন থেকে রওনা হয়ে সড়ক পথে মুন্সিগঞ্জ হয়ে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় যাবেন। প্রধানমন্ত্রী তাঁর নিজ নির্বাচনি এলাকা গোপালগঞ্জের কোটালীপাড়ায় শেখ লুৎফর রহমান সরকারি ডিগ্রি কলেজ মাঠে নির্বাচনি জনসভায় বক্তব্য রাখবেন। টুঙ্গিপাড়া থেকে ঢাকায় ফেরার পথে রাজবাড়ী ও মানিকগঞ্জে জনসভায় যোগ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

অপরদিকে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার অনুপস্থিতিতে এবার ধানের শীষ প্রতীকের নির্বাচনি প্রচারে নেতৃত্ব দেবেন জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষ নেতা বিশিষ্ট আইনজীবী ড. কামাল হোসেন। আগামীকাল সিলেটে হজরত শাহজালাল (রহ.) এর মাজার জিয়ারতের মধ্য দিয়ে বরাবরের মতো এবারও ভোটের প্রচার শুরু করবেন ধানের শীষ প্রতীকের প্রার্থীরা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৫। **নির্বাচন অংশগ্রহণমূলক ও স্বচ্ছ করার আহ্বান ইউরোপীয় দেশগুলোর**

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে প্রকৃতপক্ষে বিশ্বাসযোগ্য, অংশগ্রহণমূলক ও সুষ্ঠু প্রক্রিয়া নিশ্চিত করতে সরকার, নির্বাচন কমিশন এবং অন্যান্য সকল অংশীদারদের প্রতি আহ্বান জানিয়েছে ইউরোপীয় দেশগুলো। গতকাল (১০ ডিসেম্বর সোমবার) আনুষ্ঠানিক নির্বাচনি প্রচারণা শুরুর প্রাক্কালে বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলো এবং নরওয়ে ও সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত ও মিশনপ্রধানরা এক যৌথ বিবৃতিতে এ আহ্বান জানিয়েছে। বিবৃতিতে নাগরিক অধিকার, মত প্রকাশের স্বাধীনতা ও দল করার স্বাধীনতাকে রক্ষা করার জন্য সব স্টেকহোল্ডারদের প্রতি আহ্বান জানানো হয়েছে। এক্ষেত্রে নির্বাচন কমিশন ও বাংলাদেশ সরকার যে প্রতিশ্রুতি দিয়েছে ইউরোপীয় দেশগুলো তাকে স্বাগত জানিয়েছে। বিবৃতিতে ইউরোপীয় ইউনিয়ন, যুক্তরাজ্য, স্পেন, সুইডেন, ফ্রান্স, জার্মানি, নেদারল্যান্ডস,

ডেনমার্ক, নরওয়ে ও সুইজারল্যান্ডের রাষ্ট্রদূতরা স্বাক্ষর করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.২,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

**৬। ইসির সঙ্গে বৈঠক করে নিজেদের সক্ষমতার কথা জানিয়েছে র‌্যাব**

নির্বাচন কমিশনের (ইসি) সঙ্গে বৈঠক করে নিজেদের সক্ষমতার কথা জানিয়েছে এলিট ফোর্স র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)। গতকাল (১০ ডিসেম্বর সোমবার) নির্বাচন কমিশনের সঙ্গে এক বৈঠকে আইনশৃঙ্খলার দায়িত্বে থাকা এ বাহিনী তাদের সক্ষমতা ও নির্বাচনে কোন ধরনের দায়িত্ব পালন করবে তা উপস্থাপন করে। র‌্যাবের সক্ষমতায় ইসি সন্তোষ প্রকাশ করেছে। গতকালের বৈঠকে র‌্যাব ছাড়াও আনসার, কোস্টগার্ড ও বিজিবির প্রতিনিধিরা অংশ নেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **সংবাদ** (পৃ.২,ক.৮)।

**৭। আগামী সপ্তাহ থেকে সেনাবাহিনী নামছে**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আগামী সপ্তাহ থেকে সারাদেশের ৬৪ জেলায় নামানো হচ্ছে সেনাবাহিনী। প্রত্যেক জেলায় সেনাক্যাম্প স্থাপন করা হবে। নির্বাচন সামনে রেখে দেশের ৬৪ জেলার পুলিশ সুপারদের চিঠি দিয়েছে পুলিশ সদরদফতর। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সেনাবাহিনী নিজস্ব কায়দায় দায়িত্ব পালন করলেও পুলিশ প্রশাসনের সঙ্গে সমন্বয় সাধন করা হবে। নির্বাচনে অংশগ্রহণকারী রাজনৈতিক দলগুলোর অনুরোধে সেনাবাহিনী নামাচ্ছে নির্বাচন কমিশন। নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে ফৌজদারি অপরাধ ছাড়া রাজনৈতিক কারণে কাউকে গ্রেফতার, হয়রানি, নির্যাতন না করার জন্য নির্দেশ দিয়েছে পুলিশ প্রশাসন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.২)।

**৮। 'সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ' স্লোগানে চূড়ান্ত আওয়ামী লীগের ইশতেহার**

বাংলাদেশ আওয়ামী লীগের এবারের ইশতেহার সমৃদ্ধ বাংলাদেশের রোডম্যাপ। একটি উন্নত-সমৃদ্ধ বাংলাদেশের রূপরেখা তুলে ধরা হয়েছে এতে। ২০০৮ সালের 'দিন বদলের সনদ', ২০১৪ সালের 'এগিয়ে যাচ্ছে বাংলাদেশ' এর ধারাবাহিকতায় একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের এবারের ইশতেহারের স্লোগান 'সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ।' ক্ষমতাসীন দলটির নির্বাচনি ইশতেহার প্রায় চূড়ান্ত। আগামী ১৮ ডিসেম্বর প্রকাশিত হতে পারে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আওয়ামী লীগের নির্বাচনি ইশতেহার। দলটির সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংবাদসম্মেলনের মাধ্যমে এ ইশতেহার প্রকাশ করবেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮)।

**৯। বেগম খালেদা জিয়ার রিটের আদেশ আজ**

দুর্নীতির মামলায় কারাবন্দী বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মনোনয়নপত্র বাতিলের সিদ্ধান্ত চ্যালেঞ্জ করে দায়ের করা রিটের শুনানি শেষ হয়েছে। আজ (১১ ডিসেম্বর মঙ্গলবার) আদেশ প্রদান করা হবে। আজকের এ আদেশেই জানা যাবে খালেদা জিয়া নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন কিনা। এদিকে বিএনপি নেতা ইকবাল হাসান মাহমুদ টুকু, রুহুল কুদ্দুস তালুকদার দুলু ও স্বতন্ত্র প্রার্থী হিরো আলমের মনোনয়নপত্র গ্রহণ করে নির্বাচনে অংশ নিতে ইসিকে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। গতকাল (১০ ডিসেম্বর সোমবার) হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চ এ আদেশ প্রদান করেছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.৫)।

**১০। নতুন আইনে থাকবে ভ্যাটের ৩টি হার**
**সর্বোচ্চ ভ্যাটদাতাদের সম্মাননা অনুষ্ঠানে অর্থমন্ত্রী**

নতুন ভ্যাট আইন সম্পর্কে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, এ আইনটি বাস্তবায়নের আগে বেশকিছু সংস্কার করা হবে। এগুলো হচ্ছে নিত্যপণ্যের ভ্যাট অব্যাহতি সুবিধা বহাল, ট্যারিফ মূল্য প্রথা বিলুপ্ত এবং একক হারের পরিবর্তে একাধিক হার রাখা। গতকাল (১০ ডিসেম্বর সোমবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে সর্বোচ্চ ভ্যাটদাতাদের সম্মাননা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা জানান অর্থমন্ত্রী। অর্থমন্ত্রী বলেন, ভ্যাটের ৩টি হার রাখা হবে। এটা ১৫ শতাংশ, সাড়ে ৭ শতাংশ ও ৫ শতাংশ হতে পারে। যখন বাস্তবায়ন করা হবে তখন এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। এছাড়া ট্যারিফ মূল্য প্রথা বিলুপ্ত করা হবে। পণ্যের প্রকৃত দামের ওপর ভ্যাট আদায় করা হবে। যদি ভ্যাট আরোপের ফলে পণ্যের দাম বেড়ে যায়, তাহলে ঐ পণ্যকে প্রয়োজনে অব্যাহতি দেওয়া হবে। তবে এটা পর্যায়ক্রমে করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১১। গত দশ বছরে দেশ অন্ধকার থেকে আলোর পথে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, গত ১০ বছরে দেশ অন্ধকার থেকে আলোর পথে এগিয়েছে, জঙ্গি দমন হয়েছে। মানুষ শান্তিতে আছে, স্বস্তিতে আছে। এসব সম্ভব হয়েছে বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার যোগ্য নেতৃত্বে। তাই উন্নয়নের নেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার কোনো বিকল্প নেই। গতকাল (১০ ডিসেম্বর সোমবার) স্বাস্থ্যমন্ত্রী তাঁর নির্বাচনি এলাকা সিরাজগঞ্জের বাগবাটীতে এক নির্বাচনি সমাবেশে এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১)।

**১২। বাংলাদেশের প্রাথমিক শিক্ষার উন্নয়নে ৩৬ কোটি টাকা দেবে জাপান**

প্রাথমিক শিক্ষার উন্নয়নে ৫০ কোটি ইয়েন অনুদান দেবে জাপান সরকার। স্থানীয় মুদ্রায় যার পরিমাণ ৩৬ কোটি ৮৯ লাখ টাকা। গতকাল (১০ ডিসেম্বর সোমবার) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সম্মেলনকক্ষে বাংলাদেশ ও জাপান সরকারের মধ্যে এ বিষয়ে বিনিময় নোট ও অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়েছে।বাংলাদেশ সরকারের পক্ষে ইআরডি সচিব মনোয়ার আহমেদ বিনিময় নোট ও অনুদান চুক্তিতে স্বাক্ষর করেন। অন্যদিকে জাপানের পক্ষে বিনিময় নোটে স্বাক্ষর করেন বাংলাদেশে নিযুক্ত দেশটির রাষ্ট্রদূত ইরোয়াসু ইজুমি। অনুদান চুক্তিতে স্বাক্ষর করেন জাপান সরকারের আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থার (জাইকা) আবাসিক প্রধান হিতুসি হিরাতা। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১)।

**১৩। আন্তর্জাতিক জুনিয়র সায়েন্স অলিম্পিয়াডে**
**বাংলাদেশি শিক্ষার্থীরা পেল দুই রৌপ্য ও চার ব্রোঞ্জ**

১৫তম আন্তর্জাতিক জুনিয়র সায়েন্স অলিম্পিয়াডে (আইজেএসও) বাংলাদেশের শিক্ষার্থীরা দু'টি রৌপ্য ও চারটি ব্রোঞ্জ পদক পেয়েছে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও বাংলাদেশ বিজ্ঞান জনপ্রিয়করণ সমিতির সাধারণ সম্পাদক ফারসীম মান্নান মোহাম্মদী বাংলাদেশ দলের দলনেতা হিসেবে শিক্ষার্থীদের সঙ্গে রয়েছেন। গতকাল (১০ ডিসেম্বর সোমবার) তিনি তাঁর ফেসবুক পেজে বাংলাদেশ দলের সদস্যদের পদক পাওয়ার তথ্য ও ছবি দিয়ে স্ট্যাটাস দেন। এবার অলিম্পিয়াড আসর বসে বতসোয়ানার রাজধানী গ্যাব্রয়নে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** 'গ্লোবাল স্ট্যাটাস রিপোর্ট অন রোড সেফটি ২০১৮' শীর্ষক এক প্রতিবেদনে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর দিক দিয়ে বাংলাদেশের অবস্থান তৃতীয় এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে সড়ক দুর্ঘটনা রোধে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল, ভোরের কাগজ :** নারায়ণগঞ্জের আড়াইহাজারের এক কারখানায় এক শ্রমিকের পায়ুপথে বাতাস ঢুকিয়ে হত্যা করার বর্বর ঘটনায় নিন্দা জানিয়ে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে অপরাধীর সর্বোচ্চ শাস্তির দাবি।

গ. **জনকণ্ঠ :** বিশ্বব্যাংকের মাইগ্রেশন অ্যান্ড ডেভেলপমেন্ট ব্রিফ শীর্ষক প্রতিবেদনে দক্ষিণ এশিয়ায় ভারতের পাশাপাশি বাংলাদেশও রেমিটেন্স আয়ে ডবল ডিজিট অর্জন করেছে এ তথ্যে সন্তোষ প্রকাশ করে এর সাথে সাথে প্রবাসী আয় যাতে কমে না যায় সে লক্ষ্যে দেশে বিনিয়োগের অনুকূল পরিবেশ সৃষ্টি করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **বণিক বার্তা :** বগুড়ায় আমন ধানের বাম্পার ফলন হলেও ন্যায্য দাম না পাওয়ায় হতাশ কৃষকরা এ খবরে উদ্বেগ প্রকাশ করে সারাদেশের কৃষকরা যাতে ধানের ন্যায্যমূল্য পায় সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **ইনকিলাব :** একাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রচার-প্রচারণা শুরু হয়েছে উল্লেখ করে নির্বাচন সুষ্ঠু, নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সাইবার ক্রাইমরোধে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**মানবকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশের তরুণ প্রজন্ম তথা নারী-পুরুষ নির্বিশেষে স্বাধীনতার স্বপক্ষ শক্তিকে বিজয়ী করে দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে ঐক্যবদ্ধ হতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বাংলাভাষার বিকৃতি রোধ করতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বিশ্ব দরবারে আমাদের মাতৃভাষা বাংলাকে উচ্চাসনে অধিষ্ঠিত করতে, ভাষাকে আরও উজ্জ্বল করতে চাইলে ভাষার বিকৃতি রোধে এগিয়ে আসতে হবে আমাদের সকলকেই।

#

ডালিয়া/ফাহিমা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা